৫০১১৯

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

# বাংলাদেশ ব্যাংক
**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিসিএম সার্কুলার লেটার নং- ০২/২০২১

তারিখঃ ২৪ আষাঢ়, ১৪২৮
০৮ জুলাই, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কোরবানীর পশুর হাটে জাল নোট প্রতিরোধকল্পে তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের দ্বারা পশু ব্যবসায়ীদেরকে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান প্রসংগে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২১ উপলক্ষে সমগ্র বাংলাদেশের অনুমোদিত কোরবানীর পশুর হাটসমূহে (উপজেলা সদর পর্যন্ত) জাল নোট প্রচলন চক্রের অপতৎপরতা রোধকল্পে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা দেয়া যাচ্ছেঃ-

১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে জালনোট সনাক্তকারী মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা হাট শুরুর দিন হতে ঈদের পূর্ব রাত পর্যন্ত যথাযথ স্বাস্থ্যবিধি মেনে **বিরতিহীনভাবে** পশু ব্যবসায়ীদেরকে বিনা খরচে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করার জন্য দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা এতদ্‌সংগে সংযুক্ত করা হলো। উক্ত হাটসমূহে সেবা প্রদানের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ আপনাদের ব্যাংকের সমন্বয়ক হিসেবে মনোনীত একজন উপযুক্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর আগামী **১৪/০৭/২০২১ তারিখের** মধ্যে shahidul.alam449@bb.org.bd এবং rafat.fatema@bb.org.bd ইমেইলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আপনাদের ব্যাংকের সমন্বয়কারী কর্মকর্তা সংশ্লিষ্ট হাটে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের কার্যাদি মনিটরিং করবেন।

২. ঢাকার বাইরে যে সকল জেলায় বাংলাদেশ ব্যাংকের অফিস রয়েছে সেখানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত পশুর হাটসমূহে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিসের নেতৃত্বে গৃহীত অনুরূপ ব্যবস্থায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আপনাদের আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখাসমূহকে নির্দেশনা প্রদান করতে হবে;

৩. বাংলাদেশ ব্যাংকের অফিস নেই এমন জেলাসমূহের সিটি কর্পোরেশন, পৌরসভা ও থানা/উপজেলার অনুমোদিত পশুর হাটে বিভিন্ন ব্যাংকের এতদ্‌সংক্রান্ত দায়িত্ব বন্টনের জন্য সোনালী ব্যাংক লিঃ এর চেস্ট শাখাগুলোকে দায়িত্ব দেয়া হয়েছে। সোনালী ব্যাংক লিঃ-এর চেস্ট শাখা কর্তৃক বন্টিত দায়িত্ব অনুযায়ী আপনাদের ব্যাংকের জেলা ও উপজেলা পর্যায়ের শাখাসমূহও যাতে পশুর হাটগুলোতে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করে সে বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

৪. বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে ও সহযোগিতার জন্য (প্রয়োজনে) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, জেলা মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা এবং সার্বিক নিরাপত্তার জন্য (প্রয়োজনে) সংশ্লিষ্ট পুলিশ, র‌্যাব ও আনসার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা যেতে পারে;

৫. বুথে নোট যাচাইকালে কোন জালনোট ধরা পড়লে সে ক্ষেত্রে অত্র বিভাগের ০৪.০৭.২০০৭ তারিখের পরিপত্র নং- জাল নোটঃ০১(পলিসি)/২০০৭-১৯১ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬. বুথে ব্যাংকের নাম ও তার সাথে **''জাল নোট সনাক্তকরণ বুথ''** উল্লেখপূর্বক ব্যানার/নোটিশ প্রদর্শন করতে হবে;

৭. ইতিপূর্বে সরবরাহকৃত ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্রটি আপনাদের ব্যাংকের শাখাসমূহে ঈদের আগ পর্যন্ত গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে পুরো ব্যাংকিং সময়ে প্রদর্শন করতে হবে;

৮. দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে এতদসংক্রান্ত দায়িত্ব পালনের জন্য আপনাদের ব্যাংকের প্রযোজ্য বিধি অনুযায়ী প্রয়োজনীয় আর্থিক সুযোগ সুবিধা প্রদান করা যাবে;

৯. পবিত্র ঈদ-উল-আযহা সমাপ্তির পর পরবর্তী **১৫(পনের)** কর্ম দিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে আপনাদের কর্তৃক পরিপালিত বিষয়াদির একটি প্রতিবেদন আবশ্যিকভাবে অত্র বিভাগে প্রেরণ করতে হবে; এবং

১০. জাল নোট সনাক্তকরণ বুথে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি সংশ্লিষ্ট তফসিলী ব্যাংক কর্তৃক সুনিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, এতদ্‌বিষয়ে প্রয়োজনে অত্র বিভাগের যুগ্ম-পরিচালক জনাব মোঃ শহিদুল আলম (মোবাইল-০১৭৬৭৬১৪৫৩২) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯০
ফ্যাক্স- ৯৫৩০০৯১

সংযুক্তিঃ

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পশুর হাটের তালিকা।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট

(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | মিরপুর গাবতলী গবাদি পশুর হাট (স্থায়ী) | অগ্রণী ব্যাংক লিঃ |
| | | আইএফআইসি ব্যাংক লিঃ |
| ২. | বাড্ডা ইষ্টার্ণ হাউজিং (আফতাব নগর) ব্লক-ই, সেকশন-৩ এর খালি জায়গা | বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ |
| ৩. | মিরপুর সেকশন-৬, ওয়ার্ড-৬ (ইস্টার্ন হাউজিং) এর খালি জায়গা | দি সিটি ব্যাংক লিঃ |
| ৪. | উত্তরা ১৭ নং সেক্টরস্থিত বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ ভবন ও মেট্রোরেলের উভয় পার্শ্বের খালি জায়গা | সোনালী ব্যাংক লিঃ |
| ৫. | কাওলা শিয়াল ডাঙ্গা সংলগ্ন খালি জায়গা | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| ৬. | ৪৩ নং ওয়ার্ডের পূর্বাচল ব্রিজ সংলগ্ন মস্তুল ডুমনী বাজারমুখী রাস্তার উভয় পার্শ্বের খালি জায়গা | ডাচ্-বাংলা ব্যাংক লিঃ |
| ৭. | ভাটারা (সাইদনগর) অস্থায়ী পশুর হাট | জনতা ব্যাংক লিঃ |
| ৮. | উত্তরখান মৈনারটেক হাউজিং প্রকল্পের খালি জায়গা | রূপালী ব্যাংক লিঃ |
| ৯. | মোহাম্মদপুর বসিলাস্থিত ৪০ ফুট সড়ক সংলগ্ন রাজধানী হাউজিং, স্বপ্নধারা হাউজিং ও বছিলা গার্ডেন সিটি এর খালি জায়গা | দি প্রিমিয়ার ব্যাংক লিঃ |
| ১০. | ডিএনসিসির ৪৩ নং ওয়ার্ডের আওতাধীন ৩০০ ফুট সড়ক সংলগ্ন উত্তর পার্শ্বের সালাম ষ্টীল লিঃ ও যমুনা হাউজিং কোং এবং ব্যক্তিমালিকানাধীন খালি জায়গা | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে কিংবা হাটের সংখ্যা বৃদ্ধি করা হলে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজার এর মৈত্রী সংঘের মাঠ সংলগ্ন আশেপাশের খালি জায়গা | ব্র্যাক ব্যাংক লিঃ |
| ২. | ইনষ্টিটিউট অফ লেদার টেকনোলজি মাঠ সংলগ্ন উন্মুক্ত এলাকা, হাজারীবাগ | এক্সিম ব্যাংক লিঃ |
| ৩. | পোস্তগোলা শশ্মানঘাট সংলগ্ন আশে পাশের খালি জায়গা | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ |
| ৪. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশেপাশের খালি জায়গা খালি জায়গা, খিলগাঁও | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ |
| ৫. | গোলাপবাগস্থ ডিএসসিসি মার্কেটের পিছনের খালি জায়গা | সাউথইস্ট ব্যাংক লিঃ |
| ৬. | দনিয়া কলেজ মাঠ সংলগ্ন আশেপাশের খালি জায়গা, যাত্রাবাড়ী | ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ |
| ৭. | ধুপখোলা মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা | ন্যাশনাল ব্যাংক লিঃ |
| ৮. | ধোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ |
| ৯. | আফতাবনগর (ইষ্টার্ণ হাউজিং) ব্লক-ই, এফ, জি, এইচ সেকশন-১ ও ২ এর খালি জায়গা | পূবালী ব্যাংক লিঃ |
| ১০. | রহমতগঞ্জ খেলার মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা, লালবাগ | মার্কেন্টাইল ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে কিংবা হাটের সংখ্যা বৃদ্ধি করা হলে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড- ৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.১০.০০০০.০২০.০০.২০২১- ৫৬৮

তারিখ ঃ ২৭ আষাঢ়- ১৪২৮
০৫ জুলাই-২০২১

বিষয়ঃ **আসন্ন ঈদুল আযহা-২০২১ উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর হাটের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

ঈদুল আযহা /২০২১ উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন (স্থায়ী হাট ১টি ও অস্থায়ী হাট ৯টি) মোট ১০টি স্থানে কোরবানীর পশুর হাট স্থাপনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। হাট সমুহে ঈদুল আযহার ঘোষিত দিনসহ ৫ (পাঁচ) দিন পর্যন্ত পশু বিক্রয় করা যাবে। উল্লেখ্য পশু বিক্রয় শুরুর তারিখের ০২(দুই) দিন পূর্ব থেকে প্রস্তুতি শুরু করতে পারবে। ইজারাকৃত হাটের তালিকা নিম্নরূপঃ

| ক্রঃ নং | পশুর হাটের নাম | থানা | ইজারাদার/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১. | বাড্ডা ইষ্টার্ণ হাউজিং (আফতাব নগর) ব্লক-ই, সেকশন-৩ এর খালি জায়গা | বাড্ডা | জনাব মাহবুবুর রহমান<br>পিতা-আব্দুর রহমান মোল্লা<br>গ-২১, মধ্যবাড্ডা, গুলশান, ঢাকা। | ০১৯৪৭৭০৭৬০৩ |
| ০২. | কাওলা শিয়াল ডাঙ্গা সংলগ্ন খালি জায়গা। | দক্ষিণখান | জনাব মোঃ সোহেল রেজা, পিতা-আব্দুল হালিম, ৬৪, পূর্বপাড়া, আশকোনা হজ্জ ক্যাম্প, দক্ষিণখান, ঢাকা। | ০১৯২১১১১৪৪৪<br>০১৬৭৬৮০৮০৮৩ |
| ০৩. | ৪৩নং ওয়ার্ডের পূর্বাচল ব্রীজ সংলগ্ন মস্তুল ডুমনী বাজার মূখী রাস্তার উবয় পার্শ্বের খালি জায়গা। | খিলক্ষেত | মোঃ রুবেল শওকত, পিতা-মোঃ আবু সিদ্দিক, ৫৬৭/৯,বাওথার, কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা। | ০১৮১৪১৫০৯৪৭ |
| ০৪. | মিরপুর সেকশন-০৬,ওয়ার্ড নং-০৬ (ইষ্টার্ণ হাউজিং) এর খালি জায়গা। | পল্লবী | জনাব মোঃ কামাল হোসেন<br>পিতা-মোঃ রবি মাদবর, ১৯৮,আলব্দী<br>মিরপুর-১২১৬, পল্লবী, ঢাকা। | ০১৬৭৫৭০৮৯৯৪ |
| ০৫. | উত্তরখান মৈনারটেক হাউজিং প্রকল্পের খালি জায়গা। | উত্তরখান | জনাব মোঃ নাজমুল আলম ভুইয়া<br>পিতা-মোঃ শাহজাহান ভুইয়া, ৫১, ফয়দাবাদ উত্তর, ফয়দাবাদ মাদ্রাসা, দক্ষিণখান, ঢাকা। | ০১৬২১১১০০০২ |
| ০৬. | উত্তরা ১৭নং সেক্টরস্থিত বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ পর্যন্ত খালি জায়গা। | তুরাগ | জনাব মোঃ নূর হোসেন<br>পিতা- নূর মোহাম্মদ<br>শুক্রভাঙ্গা, নিশাতনগর-১৭১১, তুরাগ, ঢাকা | ০১৭১১৯৯২৬৫৫ |
| ০৭. | ভাটারা (সাইদ নগর) অস্থায়ী পশুর হাট। | ভাটারা | জনাব মোঃ ইকবাল খন্দকার<br>পিতা-নূর মোহাম্মদ খন্দকার<br>সাইদনগর, ভাটারা, ঢাকা। | ০১৭৯৮৬১৭৬৮৪ |
| ০৮. | মোহাম্মদপুর বছিলাস্থিত ৪০ ফুট সড়ক সংলগ্ন রাজধানী হাউজিং, স্বপ্নধারা হাউজিং ও বছিলা গার্ডেন সিটি এর খালি জায়গা। | মোহাম্মদপুর | মেসার্স শাহীন ইন্টারন্যাশনাল<br>প্রোঃ মোঃ আমজাদ হোসেন<br>১১০, বাগবাড়ী, মিরপুর,ঢাকা। | ০১৭১৭৮২৭১৯০ |
| ০৯. | ডিএনসিসির ৪৩নং ওয়ার্ডের আওতাধীন ৩০০ সড়ক সংলগ্ন উত্তর পার্শ্বের সালাম ষ্টীল লিঃ ও যমুনা হাউজিং কোং এবং ব্যাক্তিমালিকানাধীণ খালি জায়গা। | খিলক্ষেত | বীর মুক্তিযোদ্ধা হাজী কেরামত আলী দেওয়ান<br>পিতা-মৃতঃ মনসুর উদ্দিন দেওয়ান<br>৮নং বরুয়া পূর্বপাড়া দেওয়ানবাড়ী<br>খিলক্ষেত, ঢাকা। | ০১৭১৩৫০৮৫৪৫ |
| ১০. | মিরপুর গাবতলী গবাদি পশুর হাট (স্থায়ী) | দারুস সালাম | মোঃ লুৎফর রহমান, পিতা-মৃতঃ হাজী নুরুল ইসলাম, ৬৭/ক, বাগবাড়ী মিরপুর, ঢাকা। | ০১৭১৩০৪৩৩৫০ |

মহাব্যবস্থাপক মহোদয়ের শাখা
ইনওয়ার্ড নং: ৩৮৫২
তারিখ: ৬/০৭/২০২১
ডিজিএম-১ ☐ দ্রুত ব্যবস্থা নিন
ডিজিএম-২ ☐ আলোচনা করুন
ডিজিএম-৩ ☐ জ্ঞাতার্থে
ডিজিএম-৪ ✓ ☐ উপস্থাপনা করুন
ডিজিএম-৫ ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ নথিভুক্ত

06.7.2021
JD-2/DD

০৫/০৭/২০২১

(মোঃ মোজাম্মেল হক)
প্রধান সম্পত্তি কর্মকর্তা
(যুগ্ম সচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

# অনুমোদিত হাটের তালিকা ঃ

| ক্র.নং | অস্থায়ী পশুর হাটের নাম |
|---|---|
| ১. | ইনস্টিটিউট অফ লেদার টেকনোলজি কলেজ সংলগ্ন উন্মুক্ত এলাকা, ঢাকা। |
| ২. | পোস্তগোলা শ্মশানঘাট সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ৩. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, খিলগাঁও, ঢাকা। |
| ৪. | ধোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা, ঢাকা। |
| ৫. | আফতাব নগর (ইষ্টার্ণ হাউজিং) ব্লক- ই,এফ,জি,এইচ, সেকশন-১ ও ২ এর খালি জায়গা, ঢাকা। |
| ৬. | গোলাপবাগস্থ ডিএসসিসি মার্কেটের পিছনের খালি জায়গা, ঢাকা। |
| ৭. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজার এর মৈত্রী সংঘ ক্লাব সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ৮. | দনিয়া কলেজ সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, যাত্রাবাড়ী, ঢাকা। |
| ৯. | ধুপখোলা ইষ্ট এন্ড ক্লাব সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ১০. | রহমতগঞ্জ ক্লাব সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, লালবাগ, ঢাকা। |